খুব উপকারী কিছু হাদীস

১. حَسَنٍ بِخُلُقٍ النَّاسَ وخَالِقِ تَمْحُهَا الْحَسَنَةَ السَّيِّئَةَ وَأَتْبِعْ كُنْتَ حَيْثُمَا اللَّه اتَّقِ

"আল্লাহকে ভয় কর যেখানেই থাকনা কেন। অন্যায় কাজ হয়ে গেলে পরক্ষণেই ভাল কাজ কর। তবে ভাল কাজ অন্যায়কে মুছে দিবে আর মানুষের সাথে ভাল ব্যবহার কর। " *(তিরমিযী-সহীহ)*

২. *((بِالنِّيَّاتِ الْأَعْمَالُ إِنَّمَا))*

"সব কাজই নিয়তের উপর নির্ভরশীল। "*(সহীহ বুখারী)*

৩. *((وَيَدِهِ لِسَانِهِ مِنْ الْمُسْلِمُونَ سَلِمَ مَنْ الْمُسْلِمُ))*

"প্রকৃত মুসলিম সে ব্যক্তি যার মুখের ভাষা এবং হাত থেকে অন্য মুসলমানগণ নিরাপদ থাকে। " *(সহীহ বুখারী)*

৪. *((مِنَّا فَلَيْسَ غَشَّنا مَنْ))*

যে আমাদের সাথে প্রতারণা করে সে আমাদের দলভুক্ত নয়। *(মুসলিম)*

৫. *((جَارَهُ يُؤْذِ فَلَا الْآخِرِ وَالْيَوْمِ بِاللَّهِ يُؤْمِنُ كَانَ مَنْ))*

"যে আল্লাহ এবং আখেরাতের উপর বিশ্বাস রাখে সে যেন তার প্রতিবেশীকে কষ্ট না দেয়। " *(বুখারী)*

খুব উপকারী কিছু হাদীস

৬ *((ضَيْفَهُ فَلْيُكْرِمْ الْآخِرِ وَالْيَوْمِ بِاللَّهِ يُؤْمِنُ كَانَ مَنْ))*

"যে আল্লাহ এবং আখেরাতের উপর বিশ্বাস রাখে সে যেন তার মেহমানকে সম্মান করে। " *(বুখারী)*

৭.لِيَصْمُتْ أَوْ خَيْرًا فَلْيَقُلْ الْآخِرِ وَالْيَوْمِ بِاللَّهِ يُؤْمِنُ كَانَ مَنْ

"যে আল্লাহ এবং আখেরাতের উপর বিশ্বাস রাখে সে যেন ভাল কথা বলে নতুবা চুপ থাকে। " *(বুখারী)*

৮.*((يَعْنِيهِ لَا مَا تَرْكُهُ الْمَرْءِ إِسْلَامِ حُسْنِ مِنْ))*

"একজন মানুষের একটি সুন্দর ইসলামী বৈশিষ্ট্য হল সে অযথা কাজ পরিত্যাগ করে। " *(মুওয়াত্তা মালিক)*

৯. حَاجَتِهِ فِي اللَّهُ كَانَ أَخِيهِ حَاجَةِ فِي كَانَ مَنْ

"যে তার কোন ভাইয়ের প্রয়োজন পূরণ করবে আল্লাহ তার প্রয়োজন পূরণ করবেন। " *(বুখারী)*

১০. ((الْقِيَامَةِ يَوْمِ كُرُبَاتِ مِنْ كُرْبَةً عَنْهُ اللَّهُ فَرَّجَ كُرْبَةً مُسْلِمٍ عَنْ فَرَّجَ مَنْ))

"যে ব্যক্তি কোন মুসলমানের একটি কষ্ট দূর করবে আল্লাহ তায়ালা কিয়ামতের দিন তাকে অনেক বিপদের মধ্য থেকে একটি বিপদ থেকে উদ্ধার করবেন। " *(বুখারী)*

খুব উপকারী কিছু হাদীস

১১. ((الْقِيَامَةِ يَوْمَ اللَّهُ سَتَرَهُ مُسْلِمًا سَتَرَ مَنْ))

"যে ব্যক্তি কোন মুসলমানের দোষ-ত্রুটি গোপন করবে কিয়ামতের দিন আল্লাহ তার দোষ-ত্রুটি ঢেকে রাখবেন। " *(বুখারী)*

১২. ((الْجَنَّةِ إِلَى يَهْدِي وَالْبِرَّ الْبِرِّ إِلَى يَهْدِي الصِّدْقَ فَإِنَّ بِالصِّدْقِ عَلَيْكُمْ))

"সব সময় সত্যকে আঁকড়ে ধরে থাক। কারণ সত্য কথা ভাল কাজের পথ দেখায়। আর ভাল কাজ জান্নাতের পথ দেখায়। " *(মুসলিম).*

১৩. النَّارِ إِلَى يَهْدِي وَالْفُجُورَ الْفُجُورِ إِلَى يَهْدِي الْكَذِبَ فَإِنَّ وَالْكَذِبَ إِيَّاكُمْ

"মিথ্যা থেকে দূরে থাক। কারণ মিথ্যা অন্যায় কাজের পথ দেখায় আর অন্যায় কাজ জাহান্নামের পথ দেখায়। " *(মুসলিম)*

১৪. كَفَاعِلِهِ الْخَيْرِ عَلَى الدَّالُّ

"যে ব্যক্তি ভাল কাজের রাস্তা দেখায় সে ঐ ব্যক্তির মতই সাওয়াব পায় যে উক্ত ভাল কাজ সম্পাদন করে।" *(তিরমিযী-সহীহ)*

১৫. حِجَابٌ اللَّهِ وَبَيْنَ بَيْنَهَا لَيْسَ فَإِنَّهَا الْمَظْلُومِ دَعْوَةَ اتَّقِ

"মজলুমের বদ দুয়াকে ভয় কর। কারণ, তার বদ দুয়া আর আল্লাহর মাঝে কোন পর্দা নেই। " *(বুখারী)*